

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৯. জুমু'আর সালাতের জন্য গোসল করা

باب فِي الْغُسْلِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَاتِمِ الْجَرْجَرَائِيُّ، حِبِّي حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنِ الْأَوْزَاعِيّ، حَدَّثَنِي حَسَّانُ بْنُ عَطِيَّة، حَدَّثَنِي أَبُو الأَشْعَثِ الصَّنْعَانِيُّ، حَدَّثَنِي أَوْسُ بْنُ أَوْسٍ الثَّقَفِيُّ، سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ: " مَنْ غَسَّلَ يَوْمَ الْجُمُعَةِ وَاغْتَسَلَ ثُمَّ بَكَّرَ وَابْتَكَرَ وَمُشَى وَلَمْ يَرْكَبْ وَدَنَا مِنَ الإِمَامِ فَاسْتَمَعَ وَلَمْ يَلْغُ كَانَ لَهُ بِكُلِّ خُطُوةٍ عَمَلُ سَنَةٍ أَجْرُ صِيامِهَا وَقِيَامِهَا ".

_ صحيح

বাংলা

৩৪৫। আওস ইবনু আওস আস-সাকা্ফী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি জুমুআর দিন গোসল করবে এবং (স্ত্রীকেও) গোসল করাবে, প্রত্যুষে ঘুম থেকে জাগবে এবং জাগাবে, জুমুআর জন্য বাহনে চড়ে নয় বরং পায়ে হেঁটে মসজিদে যাবে এবং কোনরূপ অনর্থক কথা না বলে ইমামের নিকটে বসে খুতবা শুনবে, তার (মসজিদে যাওয়ার) প্রতিটি পদক্ষেপ সুন্নাত হিসেবে গণ্য হবে এবং প্রতিটি পদক্ষেপের বিনিময়ে সে এক বছর যাবত সিয়াম পালন ও রাতভর সালাত আদায়ের (সমান) সাওয়াব পাবে।[1]

সহীহ।

English

Narrated Aws ibn Aws ath-Thaqafi:



I heard the apostle of Allah (ﷺ) say: If anyone makes (his wife) wash and he washes himself on Friday, goes out early (for Friday prayer), attends the sermon from the beginning, walking, not riding, takes his seat near the imam, listens attentively, and does not indulge in idle talk, he will get the reward of a year's fasting and praying at night for every step he takes.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ গোসলের ফায়ীলাত, অনুঃ জুমু'আহর দিনে গোসল, হাঃ ৪৯৬), নাসায়ী (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর দিনে গোসল করার ফায়ীলাত, হাঃ ১৩৮০), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত অনুঃ জুমু'আহর দিনে গোসল, হাঃ ১০৮৭), আহমাদ (৪/১০), ইবনু খুয়াইমাহ (১৭৬৭) সকলেই আবূল আশ'আস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন